

২৪-২৫ শিক্ষাবর্ষের কৃষিগুচ্ছের ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত

বাকুবি সংবাদদাতা

প্রকাশিত: ১৫:৩৯, ১৭ জানুয়ারি ২০২৫; আপডেট: ১৫:৪১, ১৭ জানুয়ারি ২০২৫



ছবি - জনকণ্ঠ

দেশের ৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছের ভর্তি পরীক্ষা আগামী ১২ এপ্রিল ২০২৫ তারিখ অনুষ্ঠিত হবে। জানা যায়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার নেতৃত্বে রয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি)।

শুক্রবার (১৭ জানুয়ারি) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের এডিশনাল রেজিস্ট্রার কৃষিবিদ ড. ফারুক আহম্মদ।

গতকাল সকালে বাকুবির উপাচার্যের কার্যালয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি ও বাকুবির উপাচার্য অধ্যাপক ড. মো: ফজলুল হক ভূঁইয়ার সভাপতিত্বে কৃষি গুচ্ছের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আরো উপস্থিত ছিলেন গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যগণ, বাকুবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মো. হেলাল উদ্দীন এবং ভর্তি পরীক্ষাসংক্রান্ত টেকনিক্যাল কমিটির সদস্যরা।

এমসিকিউ পদ্ধতিতে ১ ঘণ্টা সময়ে মোট একশ মার্কের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সভায় কৃষি ভর্তি পরীক্ষা গুচ্ছের ২০২৪-২৫ ৩ শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষায় মুক্তিযোদ্ধা কোটা ৩%, প্রতিবন্ধী কোটা ১% এবং উপজাতি, পার্বত্যঞ্চলের বাংলাদেশিরা, অনগ্রসর জাতিগোষ্ঠীর জন্য ১% এই মোট তিন ধরনের কোটা বহাল রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়।

আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে আবেদন গ্রহণ শুরু হয়ে চলবে ১৬ মার্চ পর্যন্ত। আবেদনের ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার দুশত টাকা মাত্র। ভর্তি পরীক্ষাসংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে <https://acas.edu.bd> পাওয়া যাবে।



কৃষিগুচ্ছে থাকা ০৯টি বিশ্ববিদ্যালয় হলো: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, সিলেট

কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় ও কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।

 [Tourism guides](#)
